

প্রকাশ : ১৫ মে, ২০১৭ ১৫:০৪
আপডেট : ১৫ মে, ২০১৭ ২০:২১

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

অনেক মাস্তান ছিল, তাদের তাড়িয়েছি : আনিসুল হক

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

রাজধানীর বিলবোর্ড অপসারণকালে অনেক মাস্তানকে তাড়ানোর কথা জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। তিনি বলেন, এই সমস্ত মাস্তানদের কারণে বিলবোর্ডে হাত দেওয়া যেতো না।

সোমবার বিভিন্ন গণমাধ্যমের সম্পাদক, বার্তা সম্পাদক ও নির্বাহী সম্পাদকদের সাথে ‘ঢাকা উত্তর সিটি, প্রচেষ্টার ২ বছর’ শীর্ষক এক মতবিনিময় সভায় মেয়র এসব কথা বলেন।

আনিসুল হক বলেন, ‘রাজধানীতে বিলবোর্ড ও ঠিকাদারি নিয়ন্ত্রণে অনেক মাস্তান ছিল, তাদের তাড়িয়ে দিয়েছি। এদের কারণে আমাদের বিলবোর্ডে হাত দেয়া যেত না। ঢাকার সড়কে ব্যানার, পোস্টার ও ফেস্টুন লাগানোর কারণে অনেক নেতার বিরুদ্ধে মামলা করেছে। এ পর্যন্ত ২০ হাজার বিলবোর্ড ও ১ লাখ ৭৫ হাজার ব্যানার ও ফেস্টুন অপসারণ করেছে।’

মেয়র বলেন, ‘আমরা দু’বছরে অনেক কাজ করেছে তা বলছি না, তবে একটা পরিকল্পনায় পৌঁছেছি। এই দু’বছরে আমি আমার পরিবার (ডিএনসিসি) চিনেছি, কাউন্সিলর-কর্মকর্তাদের চিনেছি। ঢাকা একটি ভিন্ন ধরনের শহর। বলা হয়, ঢাকা পৃথিবীর খারাপ শহরগুলোর মধ্যে প্রথম। নিচের দিক থেকে প্রথম। ঢাকা না কি বাসযোগ্য নয়। মেয়র হিসেবে আমি এতে একমত হতে পারি না।’

ক্ষমতাগ্রহণের পর এখন পর্যন্ত করা বিভিন্ন কাজের কথা তুলে ধরে আনিসুল হক আরও বলেন, এখন পর্যন্ত সর্বমোট ৫৪টি স্থায়ী স্থাপনা, ৪৫০টি স্থায়ী অবকাঠামো, ২ হাজার ৭৬৭ অস্থায়ী অবকাঠামো উচ্ছেদ করা হয়েছে। জমি, ফুটপাথ ও ভূমি উদ্ধার করা হয়েছে ৩ লাখ ৩৪ হাজার বর্গফুট। আমরা বুঝে, না বুঝেই কিছু সাহসী কাজ করে ফেলেছি। ১০টি স্থানে অবৈধ পার্কিং বন্ধ করেছে। বিভিন্ন দূতবাসের দখলে থাকা ফুটপাথ উদ্ধার করছি।

বিডি-প্রতিদিন/১৫ মে, ২০১৭/মাহবুব